

নির্ঘূম পৃষ্ঠায় তার আমি কমা, যতি

কখনো বধির রাতে ব্যথায় কাতর
একান্ত উন্মুখ এই শস্যভূমি যদি
হঠাতে বাঞ্ছয় হয়, মলয় বাতাসে
ভোরবেলা জেগে ওঠে, অপেক্ষায় থাকে
শ্রান্ত কৃষকের ঝুষ্টি অপনোদনের---

তাহ'লে আমিই সেই নির্জন পথিক---
নির্ঘূম পৃষ্ঠায় তার আমি কমা, যতি !

চাষার জীবনভাষ্যা

চাষার জীবনভাষ্যে এই ধান্যভাষা ;
এই ভাষা ঋষিবান, আর্যপ্রতিমা ;


মাঠখেতে তৃপ্ত যত মূর্খিকসমূহ
যখন জাগেনি, শুনি প্রত্যয়প্রসূনে
আলোগান দিগন্তের গাঢ় রন্ধরাগে
ধুয়ে সাফ যতসব গতরজিয়ানো
ঙ্কে ও শ্রান্তির লিপি -- শস্যজননীর
মাঠখেত কাকে দিল ইশারায় ডাক !

এও এক প্রাণভাষা -- প্রাণান্ত শ্রমের

মাঝে মাঝে মনে হয়

মাঝে মাজে মনে হয় আমাদের নিজস্ব প্রলাপে
একটি বধির হাঁস তার শাদা শব্দ নিয়ে ওড়ে---
বিষাদের স্থিরলক্ষ বাণে বাযুচুত হয়ে নামে
সেই হাঁস মানুষের স্যানাটোরিয়মে। গৌতমের
ভূমিকায় ধাত্রীগণ প্রলাপাত্তে হাঁসের কলিজা
উপড়ে নিয়ে স্থাপন করেছে ভিন্ন প্রাণীর হৃদয়---

সেই থেকে পাখিদের সন্দেহের কেন্দ্রবিন্দু এই
মূর্খ লোকালয় ;



তাই পাখি ও মানুষ কোনোদিন
পাশাপাশি পাত পেড়ে মজবে না প্রিয় বাক্যলাপে !

বিনাথ গৱাই

সৃষ্টিসংহার

Phone: 98302 43310

email: editor@srishtisandhan.com